

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.parjatan.gov.bd

নম্বর: ৩০.০৩২.০২১.২০.০১.০০১.২০২৩/১০৪৯

তারিখ: ১৬ পৌষ ১৪৩১
৩১ ডিসেম্বর ২০২৪

অফিস আদেশ


বাংলাদেশ পর্যটন করপোরেশনের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তার জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঘ) ২০২০ পর্যন্ত সংশোধিত}, ১০-১২ গ্রেডে কর্মরত কর্মকর্তার জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ক) ২০২০ পর্যন্ত সংশোধিত} এবং ১৩-১৬ হতে গ্রেডে কর্মরত কর্মচারীর জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-খ) ২০২৩ পর্যন্ত সংশোধিত} গাড়িচালকদের জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-চ) ২০২০ পর্যন্ত সংশোধিত} ও ১৭-২০ গ্রেডে কর্মরত কর্মচারীগণের জন্য {(বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঙ) ২০২৩ পর্যন্ত সংশোধিত} ২০২৩ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)সংগ্রহের লক্ষ্যে পৃথক পৃথক এসিআর ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংস্থার ওয়েব সাইটে (www.parjatan.gov.bd) আপলোড করা হয়েছে। সংস্থার ওয়েব সাইটে আপলোডকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম (PDF) ডাউনলোড করে A4 সাইজের কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে।

২। অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারীগণ আগামী ৩১/০১/২০২৫ তারিখের মধ্যে অনুবেদন ফরম এর সংশ্লিষ্ট অংশ পূরণ করে প্রতিবেদনকারী (যার অধীন ২০২৪ সালে কর্মরত ছিলেন) কর্মকর্তার নিকট প্রেরণ করবেন, প্রতিবেদনকারী কর্মকর্তা ২৮/০২/২০২৫ তারিখের মধ্যে অনুবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা সকল কর্মসম্পাদন সম্পন্ন শেষে নির্ধারিত তারিখ অর্থাৎ ৩১/০৩/২০২৫ তারিখের মধ্যে সকল বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম “গোপনীয়” মুখবন্ধ খামে অগ্রণী পত্রের মাধ্যমে প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

৩। কোন বিষয়ে অস্পষ্টতা থাকলে প্রধান কার্যালয়ের প্রশাসন শাখার সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

৪। উপর্যুক্ত নির্দেশাবলী ও গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)] এবং [বাংলাদেশ ফর্ম নং-২৯০-ক’ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-খ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-চ (২০২৩)’ ও ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ঙ (২০২৩)’ এসিআর ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি: (১) গোপনীয় অনুবেদন ফর্ম [বাংলাদেশ ফর্ম নং-ঘ (২০২০ পর্যন্ত সংশোধিত)]

‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২০’।

(২) গোপনীয় অনুবেদন ফর্ম [‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ক’ (২০২৩ পর্যন্ত সংশোধিত),

‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-খ (২০২৩ পর্যন্ত সংশোধিত), ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-চ (২০২৩)’

ও ‘বাংলাদেশ ফর্ম নং-২৯০-ঙ (২০২৩)’] ‘গোপনীয় অনুবেদন অনুশাসনমালা ২০২৩’।

নম্বর: ৩০.০৩২.০২১.২০.০১.০০১.২০২৩/

তারিখ: ১৬ পৌষ ১৪৩১
৩১ ডিসেম্বর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (প্রশাসন/বাণিজ্যিক/পরিকল্পনা/অর্থ), বাপক, ঢাকা;

২। মহাব্যবস্থাপক,------(সকল), বাপক;

৩। অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।

৪। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক------(সকল), বাপক;


৫। ব্যবস্থাপক, আইসিটি শাখা, বাপক, ঢাকা-ওয়েব সাইটে প্রকাশের জন্য;

৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, বাপক, ঢাকা--চেয়ারম্যান মহোদয়ের

সদয় অবগতির জন্য।

৭। নোটিশ বোর্ড।

তীর অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণকে
উল্লিখিত বিষয়ে অবহিত ও প্রয়োজনীয় কার্যক্রম
গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


(মোবাহেরা আক্তার)
ব্যবস্থাপক (প্রশাসন)